দৈনিক সংবাদ

2/9/2000

তারিখ ........................
পৃষ্ঠা 2 কলাম 6

# ঢাকাস্থ চট্টগ্রাম সমিতি ৬৬ জন মেধাবী ছাত্রছাত্রীকে বৃত্তি দিয়েছে

শ্রম ও কর্মসংস্থান, মহিলা ও শিশু, সমাজকল্যাণ এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা রোকেয়া এ রহমান বলেছেন, মেধাবী ছাত্রছাত্রীরা দেশ ও জাতির অমূল্য সম্পদ এবং তাদেরকে যথাযথভাবে গড়ে তোলার দায়িত্ব সমাজের সকলের।

উপদেষ্টা শনিবার ঢাকাস্থ চট্টগ্রাম সমিতি আয়োজিত জেলার মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

সমিতির সভাপতি মো. আজিজুল হক চৌধুরীর সভাপতিত্বে এই অনুষ্ঠানে সাবেক উপপ্রধানমন্ত্রী জামালউদ্দিন আহমেদ, শিক্ষা বৃত্তি উপপরিষদের আহ্বায়ক এম.এ মোবারক, সমিতির সাধারণ সম্পাদক জালালউদ্দিন আহমদ এবং মেজর জেনারেল এম.আই করিম (অব.) বক্তৃতা করেন।